



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল

কলেজ কোড : ১১১০ (জাঃ বিঃ), ০২৩৪ (মাউশি), ১৮২৫ (বোর্ড) ই.আই.ন : ১০০৮৭৬

Website : [www.gshac.gov.bd](http://www.gshac.gov.bd) E-mail : [hatemalcollegebarisal@yahoo.com](mailto:hatemalcollegebarisal@yahoo.com)

স্মারক নং- জি.এস.এইচ.এ.সি/

তারিখ : .....

**পুরাতন ভবন নিলাম বিজ্ঞপ্তি**

তারিখ : ১২/১২/২০২৪ খ্রি.

সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের শহীদ আলমগীর ছাত্রাবাসের পুরাতন জরাজীর্ণ ভবনটি অপসারণ ও নির্মাণ সামগ্রী (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/ ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে নিম্নলিখিত শর্তসাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র সিডিউল অফিস হতে গ্রহণ করা যাবে এবং দরপত্রসমূহ আগামী ১৫/১২/২০২৪ থেকে ২৪/১২/২০২৪ তারিখ দুপুর ১২ ঘটিকা পর্যন্ত সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল'র অফিসে রক্ষিত থাকবে গ্রহণ করা হবে এবং ঐদিনই দুপুর ১২:৩০ ঘটিকায় আত্মসম্মত উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র বাস্তব খোলা হবে।

**শর্তাবলী :**

- ০১। নিলাম ডাকে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ ভ্যাট রেজিস্ট্রেশন, টিন সার্টিফিকেট, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এবং হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র দাখিলপূর্বক আগামী ২৪/১২/২০২৪ তারিখ দুপুর ১২ ঘটিকার মধ্যে এ কলেজের হিসাব শাখায় নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জামানত দিয়ে নিলাম প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০২। সর্বোচ্চ দরদাতাকে তাৎক্ষণিকভাবে ২৪/১২/২০২৪ তারিখ ৩ ঘটিকার মধ্যে প্রদত্ত দরের ৫০% টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা করতে হবে। অন্যথায় জামানত হিসেবে জমাকৃত প্রদত্ত পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।
- ০৩। উদ্ধৃতন কর্তৃপক্ষ কর্তৃক দর অনুমোদিত হওয়ার পর অবশিষ্ট অর্থ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা করার পরই কেবল সর্বোচ্চ দরদাতাকে ভবন ভাঙ্গা ও মালামাল গ্রহণের অনুমতিপত্র প্রদান করা হবে।
- ০৪। সর্বোচ্চ দরদাতাকে সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর প্রদান করতে হবে।
- ০৫। বর্ণিত অকেজো ভবনটি অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের প্রতিনিধির মাধ্যমে পরিদর্শন করা যাবে।
- ০৬। বর্ণিত অকেজো ভবনটি ভাঙ্গার সময় অভিজ্ঞ কারিগর/ যন্ত্র ব্যবহার করতে হবে। শব্দ দূষণ, বায়ু দূষণ যথাসম্ভব নিয়ন্ত্রণে রাখতে হবে এবং নামাজ চলাকালীন সময়ে কাজ বন্ধ রাখতে হবে।
- ০৭। ভবনটি ভাঙ্গার সময় সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ভবনের চারপাশে পর্যাপ্ত নিরাপত্তা বেটনীর স্থাপন করতে হবে এবং যে কোনো দুর্ঘটনার জন্য ঠিকাদার প্রতিষ্ঠান দায়ী থাকবে।
- ০৮। অকেজো ভবনটি ভাঙ্গার সময় পার্শ্ববর্তী ভবনের কোন প্রকার ক্ষতি সাধিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিজ দায়িত্বে ও খরচে তা মেরামত/ নির্মাণ করে দিতে হবে।
- ০৯। নিলামকৃত দর যথাযথ কর্তৃপক্ষ অনুমোদন না করা পর্যন্ত পুরাতন ভবন অপসারণ/ ভাঙ্গা যাবে না।
- ১০। সর্বোচ্চ দরদাতাকে অনুমতিপত্র প্রদানের ০১ (এক) মাসের মধ্যে নিলামকৃত অকেজো ভবনটি ভেঙ্গে এর যাবতীয় মালামাল নিজ ব্যয়ে / দায়িত্বে অপসারণ করতে হবে। অন্যথায় বিনা নোটিশে উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। মূল্য উপযুক্ত বিবেচিত না হলে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(প্রফেসর মোঃ হারুন-অর-রসিদ হাওলাদার)

অধ্যক্ষ

সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল

Email: [hatemalcollegebarisal@yahoo.com](mailto:hatemalcollegebarisal@yahoo.com)

Phone No : 02478864984

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, বরিশাল
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৪। অধ্যক্ষ, সরকারি মহিলা কলেজ, বরিশাল
- ০৫। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল
- ০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বরিশাল সদর
- ০৭। সংরক্ষণ নথি